



মাইকে বউ তালাক দেওয়া আলোচিত আ.লীগ নেতার বিরুদ্ধে শাড়ি চুরির অভিযোগ



ছবি: সংগৃহীত

জামালপুরের মেলান্দহ উপজেলায় আওয়ামী লীগের স্থানীয় এক নেতার বিরুদ্ধে শাড়ি চুরির অভিযোগ উঠেছে। অভিযুক্ত মো. জাকির হোসেন জেকে চরবানিপাকুরিয়া ইউনিয়নের ৬ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক।

স্থানীয় সূত্রে জানা যায়, গত ৩০ মার্চ ভোরের দিকে ভাংগুনী ডাংগা গ্রামের আব্দুল কুদ্দুসের বাড়িতে চুরির ঘটনা ঘটে। ওই সময় বাড়ির মালিক পরিবারসহ শহরে থাকলেও গ্রামের বাড়িতে বৃদ্ধ মা ও কয়েকজন স্বজন অবস্থান করছিলেন। পরে ৫ এপ্রিল ভুক্তভোগী স্ত্রী পিপাসা মেলান্দহ থানায় লিখিত অভিযোগ করেন।

গ্রামবাসীর দাবি, ঘটনার রাতে জাকির হোসেনকে ওই এলাকার আশপাশে সন্দেহজনকভাবে চলাফেরা করতে দেখা যায়। পরে চুরি হওয়া একটি শাড়ি একই এলাকার শহীদের স্ত্রী নাছিমার কাছে বিক্রি করা হয়েছে বলে জানা যায়।

ঘটনার পর স্থানীয়ভাবে সালিশি বৈঠক হয়। সেখানে নাছিমা শাড়ি কেনার বিষয়টি স্বীকার করেন বলে জানা গেছে। তবে সালিশি ডাকা হলেও জাকির হোসেন উপস্থিত হননি। পরে কোনো সমাধান না হওয়ায় বিষয়টি থানায় জানাতে বলা হয়।

ভুক্তভোগী পিপাসা বলেন, মেয়ের জন্য ধীরে ধীরে জমানো জিনিসপত্র চুরিতে হারিয়ে গেছে। তিনি ঘটনার সুষ্ঠু বিচার চান।

এদিকে অভিযোগের পর থেকেই জাকির হোসেনকে এলাকায় পাওয়া যাচ্ছে না। তার মোবাইল নম্বরও বন্ধ রয়েছে। বুধবার তার বাড়িতে গেলেও তাকে পাওয়া যায়নি।

মেলান্দহ থানার উপ-পরিদর্শক জোর্তিময় সরকার জানান, অভিযোগ পাওয়ার পর ঘটনাস্থল পরিদর্শন করা হয়েছে। প্রাথমিকভাবে ঘটনার কিছু সত্যতা পাওয়া গেছে। তদন্ত চলছে এবং অভিযুক্তকে গ্রেপ্তারের চেষ্টা অব্যাহত রয়েছে।

উল্লেখ্য, এর আগেও তিনি এলাকায় বিতর্কের মুখে পড়েন। মসজিদের মাইকে ঘোষণা দিয়ে স্ত্রীকে তালাক দেওয়ার ঘটনায় তিনি ব্যাপক সমালোচিত হন এবং সেই ঘটনার ভিডিও নিজেই সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে দেন